চাটমোহরে ৫৭ জনের মনোনয়নপত্র দাখিল

চাটমোহর প্রতিনিধি: শুক্রবার (৬
মে) চাটমোহরে চেয়ারম্যান পদে ৩
জন, মেম্বার পদে ৩৬ জন ও সংরক্ষিত
নারী মেম্বার পদে ১৮ জন
মনোনয়নপত্র দাখিল করেছেন।

আগামী ৯ মে মনোনয়নপত্র জমাদানের শেষ দিন। এখন পর্যন্ত আওয়ামী লীগ কিংবা বিএনপির মনোনীত কোন প্রার্থী মনোনয়ন পত্র দাখিল করেননি।

উপজেলার ৬টি ইউনিয়নে আগামী ৪ জুন নির্বাচন অনুষ্ঠিত হবে। শুক্রবার পর্যন্ত বিলচলন ইউনিয়নে চেয়ারম্যান পদে মোঃ আকতার হোসেন ও বুলবুলি খাতুন ও নিমাইচড়া ইউনিয়নে মোঃ আক্কাস আলী মনোনয়ন পত্র দাখিল করেছেন।

এছাড়া বিলচলন ইউনিয়নে মেম্বার পদে ১২ জন ও মহিলা মেম্বার পদে ২ জন মনোনয়নপত্র দাখিল করেন। গুনাইগাছা ইউনিয়নে মেম্বার পদে ৪ জন ও মহিলা মেম্বার পদে ১ জন, নিমাইচড়া ইউনিয়নে মেম্বার পদে ৩ জন ও মহিলা মেম্বার পদে ৪ জন, হান্ডিয়ালে মেম্বার পদে ২জন ও মহিলা মেম্বার পদে ২ জন, ছাইকোলায় মেম্বার পদে ৩জন ও মহিলা মেম্বার পদে ৪জন ও হরিপুর ইউনিয়নে মেম্বার পদে ১২জন ও মহিলা মেম্বার পদে ৭জন মনোনয়ন পত্র দাখিল করেছেন।